Global Alliance for
Disaster Risk Reduction & Resilience
in the Education Sector

# শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস বিষয়কগবেষণাভিত্তিক কর্ম বিবরণী

# পারিবারিক নিরাপত্তার উপর শিশুদের প্রভাব

মারলা পেটাল[১] এবং এরিন ক্রচেটি[২]

[১]সেভ দ্যা চিলড্রেন
২প্রাইভেট কনসালটেন্ট

**সারাংশঃ**

বিভিন্ন শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস (সি সি আর আর) উদ্যোগ শিশু ও তাদের পরিবারের মধ্যে নিরাপত্তাজনিত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করে ক্ষমতায়নের মাধ্যমে তাদের দুর্যোগ ঝুঁকি কমাতে কার্যকরী হয়েছে (Amri et al. 2016; Haynes et al. 2010, 2016; UNESCO/UNICEF 2013, 2015)। এমন কিছু কিছু উদ্যোগ শিশু ও তার অভিভাবকদের মধ্যে শিক্ষা প্রসারে যথেষ্ট আশাপ্রদ কর্মসূচীর পদ্ধতি এবং কার্যক্রমের দিকনির্দেশনা দেয়। তবে, সাম্প্রতিক গবেষণায় দেখা যায় যে এখনও নিম্নলিখিত বিষয়ে তেমন কোন তথ্য পাওয়া যায় নাঃ

- কোন কোন শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস পদ্ধতি সবচেয়ে বেশী কার্যকর
- কোন কোন কার্যক্রম ও পারিবারিক কর্মকান্ডের প্রভাব টেকসই হতে পারে
- শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাসের শিক্ষা প্রক্রিয়াসমূহ
- পরিবারসমূহের প্রস্তুতিতে শিক্ষা উদ্যোগের সরাসরি প্রভাব
- শিক্ষক ও পরিবারের সাথে শিশুদের বাস্তবায়নযোগ্য ঝুঁকিহ্রাস বিষয়ক আলোচনা
- কিভাবে শিশুর ক্ষমতায়ন এবং প্রভাব সময়ের সাথে সাথে পরিবর্তনযোগ্য

এই বিবরণী পরিবারের ঝুঁকি ও তা মোকাবেলায় ইতিমধ্যে প্রমাণিত শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস বিষয়ক শিক্ষা পদ্ধতিসমূহের রূপরেখা প্রদান করে। এতে উন্নত কর্মসূচী নিরূপণ ও অনুশীলন-ভিত্তিক গবেষণার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব প্রদান করা হয়েছে।

## পরিকল্পিত উদ্দেশ্যের বিবরণী

এই গবেষণা থেকে কর্ম বিবরণী সিরিজ শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস (সি সি আর আর), জলবায়ু পরিবর্তন মোকাবেলায় অভিযোজন, এবং স্কুল-নিরাপত্তা ক্ষেত্রে কর্মরত ব্যাক্তিবর্গের জন্য বিভিন্ন একাডেমিক ও প্রাতিষ্ঠানিক রচনার একটি সার-সংক্ষেপ। এই বিবরণীর উদ্দেশ্য হলো পরিবারের নিরাপত্তার উপর শিশুর প্রভাব নিয়ে কর্মরত ব্যাক্তিবর্গের জন্য এবিষয়ে বিভিন্ন গবেষণা-প্রাপ্ত ফলাফলের সংক্ষিপ্ত পর্যালোচনা করা। গবেষণা থেকে কর্ম বিবরণী সিরিজের সবগুলো বিবরণী পেতে এখানে ক্লিক করুনঃ http://www.gadrrres.net.

প্রণয়নঃ সেভ দ্যা চিলড্রেন এবং রিস্ক ফ্রন্টিয়ার্স, সহায়তায়ঃ সি অ্যান্ড এ ফাউন্ডেশন এবং সি অ্যান্ড এ

C&A Foundation
Save the Children 100 YEARS
RISK FRONTIERS
C&A

# সূচনা

দুর্যোগ ঝুঁকিহ্রাস (ডি আর আর) কর্মকাণ্ডে শিশুদের অংশীদার ও পরিবর্তনের মাধ্যম হিসাবে অন্তর্ভুক্ত করার গুরুত্বের উপর হিয়োগো কর্মকাঠামো ২০০৫-২০১৫, *Let Our Children Teach Us* (Wisner, 2005) এর মতো মৌলিক প্রকাশনা, এবং পরবর্তীতে সেনডাই দুর্যোগ ঝুঁকিহ্রাস কাঠামোতে বিশ্বব্যাপী স্বীকৃতি প্রদান করা হয়েছে। শিশু ও যুবদের সৃজনশীলতা, উদ্দীপনা এবং দৈনন্দিন দায়িত্ব-কর্তব্য এবং তাদের মধ্যে যোগাযোগ ও সম্পর্ক পারিবারিক ঝুঁকিহ্রাসের জন্য একটি অনন্য পরিবেশ সৃষ্টি করে (Seballos & Tanner 2011)।

উন্নত দেশগুলোতে বিদ্যালয়ের শিক্ষাক্রমে দুর্যোগ ঝুঁকিহ্রাস বিষয়ক শিক্ষা অন্তর্ভুক্তির মধ্য দিয়ে ঠিক যেমন করে তা আলোকপাত ও তা থেকে শিক্ষা গ্রহণের সুযোগের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে, ঠিক একইভাবে শিক্ষা ও প্রস্তুতির মধ্যে একটি সুস্পষ্ট সম্পর্ক দেখাতে ব্যর্থ হয়েছে (Special Edition on Children, Youth and Education, Australian Journal of Emergency Management, 2014; see esp. Towers et al.)। এই ঘাটতিগুলোর কারণ "… গবেষণার স্বল্পতা নয়, বরং ধারণাগত কর্মকাঠামো তত্ত্ব এবং অর্থপূর্ণ ফলাফল সূচকের অভাব, যে সূচকসমূহ কিভাবে কর্মসূচী অভিপ্রেত ফলাফল ও কাঙ্ক্ষিত দীর্ঘমেয়াদি প্রভাব সুস্পষ্টভাবে নির্ণয় করতে পারে" (Johnson et al. 2016, p.2)। অনুরূপভাবে, "...শিশু ও যুবদের দুর্যোগের প্রভাব কমানোর সক্ষমতার উপর বিশ্লেষণমূলক গবেষণা তেমনভাবে নেই বললেই চলে" (Mitchell et al. 2008, p.255)। উন্নয়নশীল দেশগুলোতে যদিও বিদ্যালয়কেন্দ্রিক ঝুঁকিহ্রাস উদ্যোগের উপর গবেষণার পরিমাণ বৃদ্ধি পেলেও পারিবারিক নিরাপত্তা বিষয়ক ফলাফলের জন্য যথোপযুক্ত কোন পরিমাপক এখনও নেই (Amri et al. 2016; Johnson et al. 2014)।

আচরণগত পরিবর্তনের পরিমাপ বেশীরভাগ ক্ষেত্রেই ব্যাক্তিগত প্রতিবেদনের উপর নির্ভরশীল এবং তা আপদ সংক্রান্ত ধারণা ও সচেতনতা বৃদ্ধির পরিমাপের সাথে এখনও সুসংযুক্ত নয়। অনুরূপভাবে, পরিবারের ঝুঁকি হ্রাসের ওপর শিশু ও অভিভাবকদের মধ্যে যোগাযোগের প্রভাব বিষয়ক ধারণাও সীমিত (Johnson et al. 2014; Ronan et al. 2015, 2016)। শিশুদের সম্পৃক্ত করে ঝুঁকি বিষয়ক তথ্যের কার্যকর আদান-প্রদান কী দ্বারা সফল হয় বা কী দ্বারা বাধাপ্রাপ্ত হয় সেই ধারণাও আমাদের পর্যাপ্ত নয় (Mudavanhu et al. 2015; Haynes and Tanner 2015)।

আচরণগত পরিবর্তনের পরিমাপ বিষয়ক গবেষণাপ্রাপ্ত জ্ঞান আমাদের এ বিষয়ে প্রাসঙ্গিকভাবে উপযুক্ত ও শক্তিশালী তথ্যপ্রমাণ প্রদান করে। উক্ত জ্ঞান সামাজিক ও আচরণগত পরিবর্তন কর্মসূচী প্রণয়ন এবং শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস আর শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণকারী জনগণের মধ্যে পারিবারিক নিরাপত্তা বৃদ্ধি পরিমাপ কর্মকাণ্ডে ব্যবহার করা যেতে পারে। উদাহরনস্বরূপ, সাম্প্রতিককালে প্রকাশিত *Public Awareness and Public Education for Disaster Risk Reduction: Action-Oriented Key Messages for Households and Schools (International Federation of the Red Cross & Red Crescent Societies and Save the Children, 2018)* রিপোর্টে পারিবারিক নিরাপত্তা পরিবর্তন কিভাবে পরিমাপ করা যায়, তার তথ্যপ্রমাণসহ একটি ধারণা প্রদান করে।

# লিটারেচার পর্যালোচনা

পারিবারিক নিরাপত্তা এবং ঝুঁকি হ্রাস ও মোকাবেলায় শিশুর প্রভাব সংক্রান্ত সার্বিক গবেষণা হতে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে ধারণা পাওয়া যায়। এর মধ্যে নিম্নোক্ত উল্লেখযোগ্যঃ

## গুরুত্ব এবং সুবিধাঃ

যে সমস্ত শিশু ও যুবরা তাদের পারিপার্শ্বিক আপদ ও দুর্যোগের প্রভাব নিজেরা দেখেছে বা আক্রান্ত হয়েছে, তারা পারিবারিক নিরাপত্তার প্রাসঙ্গিকতা ও গুরুত্ব সহজেই বুঝতে পারে। পারিবারিক ও সামাজিক ঝুঁকিহ্রাসে সম্পৃক্ত হতে তারা যে আগ্রহী, তা বরাবরই প্রমাণিত (Amri et al. 2016)। এদের মধ্যে অনেকেই শিখতে এবং তা পরিবারের সদস্য, বন্ধুবান্ধব ও প্রতিবেশীদের মধ্যে ছড়িয়ে দিতে আগ্রহী। দুর্যোগ ঝুঁকি হ্রাসের কার্যকারিতা বৃদ্ধিতে যুবদের অংশগ্রহণ এবং শিশুদের সার্বিক সক্ষমতার বিষয়টিও পূর্বে ব্যাপকভাবে পরিলক্ষিত হয়েছে (Back et al. 2009; Lawler and Patel 2012; Peek 2008; Fernandez and Shaw 2013; Head 2011; Mudavanhu et al. 2015; Mitchell et al. 2009), এবং এখনও তা বৃদ্ধি পাচ্ছে (Amri et al. 2017; Walden et al. 2009)। শিশু ও যুবদের ঝুঁকিহ্রাসে সংশ্লিষ্ট হওয়ার ইতিবাচক ফলাফলসমূহ (Checkoway et al. 2005, Timmerman 2009 and Checkoway 2011) এবং না হওয়ার ফলে নেতিবাচক প্রভাব (Anderson 2005) – উভয় দিক নিয়েই বিভিন্ন গবেষণায় আলোচনা করা হয়েছে ।

## জ্ঞান বনাম পদক্ষেপঃ

বিভিন্ন গবেষণা প্রমাণ করেছে যে, শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস কার্যক্রমে অন্তর্ভুক্ত শিশুদের জ্ঞানের পরিমাণ বেশী (আপদ সচেতনতা সংক্রান্ত), বিভিন্ন ধরনের ঝুঁকির উপর তাদের দখল অধিক, এবং তারা তা মোকাবেলায় অধিক সমর্থ (Ronan et al. 2010; Ronan and Johnston 2003; Amri et al. 2016)। তবে অধিকাংশ ক্ষেত্রে, এসকল কর্মসূচীর কার্যকারিতার মূল্যায়ন কেবলমাত্র "...শিশুদের জ্ঞানের পরিবর্তনে কর্মসূচী কতটা কার্যকরী ছিলো, তার মাধ্যমে যাচাই কর হয়" (Johnson et al. 2016, p. 1)। এ বিষয়ে স্বল্পক্ষেত্রেই জ্ঞান পরবর্তী কার্য বাস্তবায়নের পরিমাপ করা হয় এবং শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস কর্মসূচীতে অংশগ্রহণের পর গৃহীত পদক্ষেপসমূহের পরিমাপের জন্য কার্যকরী প্রক্রিয়াও সীমিত।

> ***শিশুরা তাদের লব্ধ জ্ঞান অভিভাবকদের সাথে ভাগাভাগি করার মাধ্যমে তাদের সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে, এবং করে***

## শিশু ও পরিবারের মধ্যে যোগাযোগঃ

শিশুরা যেমন অভিভাবকদের সাথে জ্ঞান ভাগ করে নেয়ার মাধ্যমে তাদের সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করতে পারে, এবং করে, ঠিক একইভাবে অভিভাবকরাও জ্ঞান বিতরণের মাধ্যমে সন্তানদের সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করে। একে বলা হয় দ্বিমুখী প্রভাব (Ambert 1992; Kuczynski et al. 1999; Knafo and Galansky 2008)। "শিশুরা তাদের পারিপার্শ্বিকতা থেকে শিক্ষা গ্রহণ করে এবং তারা সেই শিক্ষা তাদের পিতামাতার সাথে ভাগাভাগি করে, যা পরবর্তীতে তাদের গৃহস্থালী আচরণকে প্রভাবিত করে" (Damerell et al. 2013: 6) – উক্ত ধারণার তথ্যপ্রমাণ বিভিন্ন শিশুকেন্দ্রিক প্রতিষ্ঠানের কর্মসূচী মূল্যায়নের মধ্য দিয়ে বার বার প্রমাণিত হয়েছে (Save the Children Bangladesh, 2016)। পরিবেশ শিক্ষা কার্যক্রমের উপর কিছু গবেষণা অনুযায়ী, শিশু ও তাদের পিতামাতার মধ্যে ব্যাপক হারে তথ্য আদান-প্রদান হয়ে থাকে (Vaughan et al. 2003 and Ballantyne et al. 1998, 2001), অন্যদিকে অন্যান্য কিছু গবেষণা অনুযায়ী এ আদান-প্রদানের মাত্রা তেমন বেশী নয় (Duvall and Zint 2007, in Johnson 2014)।

শিশু ও পরিবারের মধ্যে ঝুঁকি হ্রাস ও নিরাপত্তা সংক্রান্ত তথ্য বিনিময় কিভাবে কার্যকরভাবে করা যায়, তা নির্ধারণ করা কষ্টসাধ্য Fernandez, 2012; Fernandez and Shaw, 2013)। সহোদর ও বন্ধুদের ওপর শিশুদের প্রভাব যদিও সমানভাবে গুরুত্বপূর্ণ, এই লিটারেচার পর্যালোচনায় অন্তর্ভুক্ত করা হয়নি। আমরা এটা জানি যে, যুবদের অংশগ্রহণ শিশুদের অনুপ্রাণিত করে (Molloy et al. 2002) এবং এই অনুপ্রেরণা তাদের অভিভাবক ও অন্যান্য বড়দের দ্বারা কতটা সমর্থন পায় তার উপরেও নির্ভরশীল, এবং তা সাংস্কৃতিক, ভাষা ও জাতিগত বিভিন্ন বিষয় দ্বারাও প্রভাবিত হয় (Checkoway and Richards-Schuster 2003)।

## শিশু যেভাবে পরিবারে তথ্য নিয়ে আসেঃ

কোন ধারণা সংগঠিত বা পরীক্ষিত পদ্ধতিতে উপস্থাপন করা গেলে তা শিশুর অভিভাবকদের কাছে অধিক গ্রহণযোগ্য হতে পারে। পিতামাতাকে অন্তর্ভুক্ত করে – যেমন প্রশ্নপত্র বা জরিপ পূরণ করা হলে, সেক্ষেত্রে শিশুদের মতামতের মাধ্যমে পারিবারিক পর্যায়ে ঝুঁকি ও দুর্যোগ সহনশীলতার মাত্রা প্রভাবিত হবার সম্ভাবনা বৃদ্ধি পায় (Ronan and Johnston 2003)। দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ক কার্যক্রমের সাথে সম্পৃক্ত স্বেচ্ছাসেবী যুব দলের সঙ্গে জড়িত শিশু ও যুবরা অন্যান্য শিশু ও যুব, যারা শুধুমাত্র নিয়মিত শ্রেণিকক্ষ-ভিত্তিক কর্মকাণ্ডে জড়িত, তাদের তুলনায় বড়দের কাছ থেকে বেশি গুরুত্ব লাভ করে (Plan 2010; Hossain 2017)। যে সমস্ত যুবরা আপদ, ঝুঁকি, ও ঝুঁকিহ্রাস সংক্রান্ত অংশগ্রহণমূলক ভিডিও প্রকল্পের সাথে সম্পৃক্ত, তাদের মতে মিডিয়ার ব্যবহার অন্যদের কাছে তাদের মতামতের গুরুত্ব বৃদ্ধি করেছে (Haynes and Tanner 2015; Plan 2010)। বিশ্বস্ত সূত্র থেকে পাওয়া সুস্পষ্ট নির্দেশনা ও নির্ভরযোগ্য তথ্য আচরণগত পরিবর্তনের সম্ভাবনা বৃদ্ধি করে। আশেপাশের অন্যান্য ব্যক্তিদের আচরণ পর্যবেক্ষণও আচরণগত পরিবর্তন আনতে পারে (Solberg 2010)। যদি

শিশু বিজ্ঞান ও গবেষণাভিত্তিক তথ্য পায়, তবে অভিভাবক ও অন্যান্যদের কাছে স্থানীয় বা প্রচলিত তথ্যের তুলনায় সেই বিজ্ঞান ও গবেষণাভিত্তিক জ্ঞানকেই অধিক নির্ভরযোগ্য মনে হবে (FEMA 2014)।

শিশুদের ঝুঁকি হ্রাস কার্যক্রমে অংশগ্রহণ স্থানীয় সংস্কৃতি ও রাজনীতির আলোকেও পর্যালোচনা করা প্রয়োজন (Lopez et al. 2012)। অনুরূপভাবে, তাদের প্রভাবের সম্ভাব্য মাত্রা ও অংশগ্রহণ বিভিন্ন কারণ, যেমন, লিঙ্গ-বৈষম্য, বয়স, সামাজিক ও অর্থনৈতিক অবস্থান এবং এতে অংশগ্রহণ এবং পারিবারিক কর্মকাণ্ডে দায়িত্ব, দেখাশোনা ও সিদ্ধান্তগ্রহণ ইত্যাদি বিষয়ের ওপর নির্ভর করে (Mitchell et al. 2008 and 2009; Webb and Ronan 2004)।

## পারিবারিক প্রভাবের সক্রিয় উপাদানঃ

ঝুঁকি হ্রাস ও মোকাবেলা শিক্ষা কার্যক্রমের প্রভাব পরিবারে তখনই পড়া শুরু করে যখন শিশুরা বাড়ির বড়দের সাথে তাদের বিদ্যালয়ে শেখা বিষয়গুলো আলোচনা করে। অভিভাবকরা শিশুদের স্কুলের পড়া তৈরির কাজে সাহায্য করার বিষয়টিও এক্ষেত্রে বড় রকমের প্রভাব ফেলতে পারে (Izadkhah and Hosseini 2005; Ronan et al. 2015)।

শিশুদের দেয়া তথ্য অনুযায়ী, পারিবারিক পর্যায়ে বাড়তি প্রস্তুতি নিম্নের সক্রিয় উপাদানসমূহের সঙ্গে সম্পর্কিতঃ

- কর্মসূচী থেকে প্রাপ্ত শিক্ষা অভিভাবকদের সাথে আলোচনা করতে শিশুদের উৎসাহিত করা;
- বাড়িতে পারিবারিক প্রস্তুতি বিষয়ক উপকরণসমূহ নিয়ে যাওয়া;
- দুর্যোগে সাড়া প্রদানের ক্ষেত্রে শিশুর প্রতিরক্ষামূলক আচরণ সংক্রান্ত জ্ঞান;
- অধিক সংখ্যক কর্মসূচী ও কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ;
- সাম্প্রতিক কর্মসূচীতে অধিকতর সম্পৃক্তকরণ;
- দুর্যোগের কারণে যে সমস্ত ক্ষয়ক্ষতি হতে পারে তা সম্পর্কে অধিকতর ধারণা (FEMA 2014; Ronan & Johnston 2001, 2003; Ronan, Crellin & Johnston 2010; Webb and Ronan 2014)।

যুক্তরাষ্ট্রের একটি গবেষণায় দেখা যায়, "যেসব পরিবারের শিশুরা স্কুল থেকে দুর্যোগ প্রস্তুতির উপকরণ পায়, সেসব পরিবারের দুর্যোগ প্রস্তুতি অন্যান্য পরিবারের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি থাকেঃ এই পরিবারগুলোর ক্ষেত্রে পারিবারিক একটি (ঝুঁকিহ্রাস) পরিকল্পনা আলোচনা ও নির্ধারণ করার সম্ভাবনা ৭৫% বেশি, এবং তারা বাড়িতে তা অনুশীলন করেছে এমন সম্ভাবনাও দ্বিগুণ থাকে" (FEMA 2014: p.33)। আধুনিক বৈজ্ঞানিক প্রমাণসহ কর্ম-ভিত্তিক বার্তাসমূহই শিশুর ক্ষমতায়নের মাধ্যমে জ্ঞান ছড়িয়ে দেয়ার জন্য সবচেয়ে কার্যকর। পরিবারে ইতিবাচক প্রভাবসমূহের মধ্যে নিম্নোক্ত উল্লেখযোগ্যঃ বিভিন্ন ধরনের আপদের ক্ষেত্রে কী কী করণীয় তা জানা; পূর্ব-সতর্কতা, স্থানান্তর ও আশ্রয়কেন্দ্র পরিকল্পনা ইত্যাদি বিষয়ের সাথে অধিক পরিচিতি; স্থানীয় আপদ সংক্রান্ত তথ্যাবলী এবং কমিউনিটি পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা থাকা (FEMA 2014: P. 33-35)।

শুধুমাত্র লিখন-ভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা শিশুর তুলনায় যোগাযোগ-ভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা শিশুদের তাদের অভিভাবকদের সাথে জ্ঞান ভাগাভাগি করে নেয়ার সম্ভাবনা বেশী (Damereli 2013:6)। সবথেকে কার্যকর উদ্যোগের (যদিও এগুলো শ্রমসাধ্য হতে পারে) মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলোঃ ঝুঁকিহ্রাস কার্যক্রমে অংশগ্রহণ, অ্যাডভোকেসি ও মোবিলাইজেশন, প্রকল্প পরিকল্পনায় অংশগ্রহণ, এবং অভিভাবক ও অন্যান্যদের সাথে এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে ঝুঁকি ও আপদ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা। ভিডিও এবং প্রযুক্তির ব্যবহারও এর মাঝে অন্যতম (Tanner 2010; Haynes and Tanner 2015:2)। শেখার ক্ষেত্রে বিষয়বস্তু কিভাবে ও কোন প্রেক্ষাপটে উপস্থাপন করা হচ্ছে, তার পাশাপাশি শিক্ষকদের দক্ষতা, আগ্রহ এবং সৃজনশীলতা, এর সবকিছুই নির্দিষ্ট প্রভাব ফেলতে পারে (Johnson et al. 2014; Amri et al. 2016)।

## পারিবারিক পর্যায়ে আপদজনিত প্রভাব পরিমাপঃ

সামাজিক ও আচরণগত পরিবর্তন পরিকল্পনা ও মূল্যায়ন সংক্রান্ত পূর্ববর্তী গবেষণাগুলো আলোচনার মধ্যে আনাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে ১৯৯০ থেকে প্রধান প্রধান গবেষণা ফলাফলগুলো (উদাহরনস্বরূপ, Lindell & Perry 2000) নিম্নরূপঃ

- পারিবারিক পর্যায়ে আপদ যখন পরিবারের সদস্যদের মধ্যে আলোচনার বিষয়বস্তু হয়, তখন আপদ নিয়ন্ত্রনের মাত্রাও সর্বোচ্চ হয়; বিশেষত, যখন মানুষ বেশি তথ্যের জন্য অনুসন্ধান করে; এবং যখন মানুষের কাছে নির্ভরযোগ্য তথ্য একাধিক বিশ্বাসযোগ্য সূত্রের মাধ্যমে পৌঁছায়।
- মানুষ কোন কার্যক্রমের কার্যকারিতা সম্পর্কে যদি নিশ্চিত হয় এবং তা বাস্তবায়ন করার ব্যাপারে তার সামর্থ্য রয়েছে বলে মনে করে; সেক্ষেত্রে তার সে কার্যক্রম অনুযায়ী পদক্ষেপ গ্রহণের সম্ভাবনা বেশি থাকে।

শিক্ষার্থীরা বাড়িতে ঝুঁকি হ্রাস ও তা মোকাবেলা সংক্রান্ত কি বার্তা নিয়ে যাচ্ছে তার মূল বিষয়বস্তুর ক্ষেত্রে উপরোক্ত বিষয়গুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ (Petal 2009a)।

পারিবারিক পর্যায়ে ঝুঁকিহ্রাস ও তা মোকাবেলা বিষয়ক আচরণসমূহকে মূলতঃ তিনটি ভাগে ভাগ করা হয়েছেঃ ঝুঁকি নিরূপণ ও পরিকল্পনা; শারীরিক বা সামাজিক সুরক্ষা (বা ঝুঁকি প্রশমন) পদক্ষেপসমূহ; এবং দুর্যোগ সাড়া প্রদান বিষয়ক দক্ষতা বৃদ্ধি ও ব্যবস্থা গ্রহণ (Kirschenbaum 2002)।

দুর্যোগ ঝুঁকিহ্রাস বিষয়ক শিক্ষা উদ্যোগগুলোর সংক্ষিপ্ত ইতিহাস থেকে প্রাপ্ত সুপারিশগুলো নিম্নরূপঃ

- প্রাকৃতিক দুর্যোগের গতানুগতিক আলোচনা, "করনীয় ও বর্জনীয়" – এর বিশাল তালিকা করা, এবং "পরিকল্পনা করা" থেকে সরে আসা;
- ঝুঁকিহ্রাস কর্মকান্ডে শিশুদের ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করা;
- ঝুঁকিহ্রাস কৌশল ও শিক্ষা পরিবার (ক্ষুদ্র), স্কুল ও কর্মক্ষেত্র (মাঝারি) এবং সরকারী (বৃহৎ) পরিসরে সম্পৃক্ত করা (Lindell & Perry 2011; Petal 2008:2, 2015)

## আচরণগত পরিবর্তনের কৌশল নির্ধারণঃ

শুধুমাত্র দুর্যোগে সাড়া প্রদানের প্রস্তুতিকে প্রাধান্য না দিয়ে বিভিন্ন আপদের প্রভাব কমাতে পূর্বপ্রস্তুতি হিসেবে কী কী করনীয়, সে বিষয়গুলো বিবেচনায় রেখে ঝুঁকিহ্রাস ও মোকাবেলা বিষয়ক শিক্ষা কার্যক্রম সাজানো গুরুত্বপূর্ণ (Paton & Johnson 2001, 2003; Petal 2008, 2014)। এক্ষেত্রে সফল উদাহরনগুলোতে দেখা যায় শুধু একটি নির্দিষ্ট আপদের উপর (যেমন, বন্যা বা ভুমিকম্প) কেন্দ্র না করে বরং সব ধরনের আপদকে অন্তর্ভুক্ত করে পরিকল্পনা করা ভালো। আইএফআরসি এবং সেভ দ্যা চিলড্রেন এর যৌথ উদ্যোগে প্রকাশিত *Public Awareness and Public Education for Disaster Risk Reduction: Action-Oriented Key Messages for Households and Schools* (2018) - এ বিষয়ে বিভিন্ন আপদ এবং নির্দিষ্ট আপদকেন্দ্রিক বার্তার একটি গবেষণামূলক ভিত্তি প্রদান করে। এই উপকরনটি বেশ কয়েকটি দেশে জাতীয় পর্যায়ে দুর্যোগ বিষয়ক বার্তা তৈরি করায় সহায়ক ভূমিকা রাখছে এবং এই বার্তাগুলো সে দেশগুলোর দুর্যোগ বিষয়ক শিক্ষা উপকরন প্রণয়নের মূল ভিত্তি হিসেবে কাজ করছে। এভাবে, বড় পরিধিতে কিছু নির্দিষ্ট কাজ ও আচরণ বাছাই করে সহজেই পারিবারিক দুর্যোগ প্রস্তুতির পরিকল্পনা চেকলিস্ট বানানো সম্ভব যা ভিন্ন ভিন্ন অঞ্চলের ক্ষেত্রে নির্দিষ্ট আপদসমূহের কথা মাথায় রেখে ব্যবহৃত হবে (Risk RED, 2012)। পরবর্তীতে, সামাজিক ও আচরণগত পরিবর্তন পরিমাপে এটি মনিটরিং ও ইভ্যালুয়েশনের মূল পরিমাপক হিসেবে কাজ করতে, এবং কর্মসূচী পরিকল্পনায় একটি শক্তিশালী ভুমিকা রাখতে পারে।

"পরিবর্তনের ধাপ বিষয়ক মডেল" (ট্রান্সথিওরেটিক্যাল মডেল) শুধুমাত্র আচরণের উপস্থিতি বা অনুপস্থিতিই নির্দেশ করে না, বরং আচরণগত পরিবর্তনের বিভিন্ন পর্যায় এবং পরিবর্তনের অগ্রগতিও পরিমাপ করে (Prochaska & DiClemente, 1992 & 2005)। মডেলটি মূলতঃ জনস্বাস্থ্য বিষয়ক আচরণগত পরিবর্তন পরিমাপে ব্যবহৃত হলেও এটি পারিবারিক নিরাপত্তা আচরণ পরিমাপেও যথেষ্ট কার্যকরী বলে প্রমাণিত হয়েছে (Paton & Johnson, 2003, Crocetti et al., 2018)। মডেলটির পর্যায়সমূহ হলোঃ

- চিন্তাপূর্ব পর্যায় (প্রস্তুত নয় বা পরিবর্তনের সদিচ্ছা নেই)
- চিন্তার পর্যায় (প্রস্তুতি গ্রহণ, পরিবর্তনের বিবেচনা)
- প্রস্তুতি (পরিবর্তনের জন্য প্রস্তুত)
- কর্মসাধন (পরিবর্তন হয়েছে)
- বজায় রাখা (নতুন আচরণ চলমান রয়েছে)

## কর্মসূচী বাছাই ও গুণগত মানঃ

কর্মসূচী পরিকল্পনা ও মূল্যায়নে অনেকগুলো সম্ভাব্য পরিবর্তনীয় বিষয় থাকে। এমন একটি পরিবর্তনীয় বিষয় হলো, শিক্ষা কিভাবে প্রদান করা হয়, তার সাথে সম্পর্কিতঃ আনুষ্ঠানিক পাঠ্যক্রমের মাধ্যমে (যেমন, স্বতন্ত্র কোর্স বা মডিউল অথবা অন্য কোন বিষয়ের পাঠ্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত); অনানুষ্ঠানিক শিক্ষা (স্কুল-কেন্দ্রিক অথবা নিয়মিত পাঠ্যক্রম বহির্ভূত, যেমন ক্লাব); নাকি কমিউনিটি–ভিত্তিক এডভোকেসি ও নেতৃত্ব গঠন কার্যক্রমের সাথে সংযুক্তির মাধ্যমে?

আরও কিছু পরিবর্তনীয় বিষয় রয়েছে যা কর্মসূচীর গুনগত মান নিয়ে প্রশ্ন করে। এগুলো হলোঃ যোগাযোগমূলক কর্মকাণ্ড (শিক্ষার স্পষ্ট উদ্দেশ্যসহ); শিক্ষার্থীদের (ও পরিবারের) জন্য শিক্ষা উপকরন; শিক্ষকদের জ্ঞান ও দক্ষতা উন্নয়ন এবং সহায়তা, এবং অভিজ্ঞতা-ভিত্তিক শিক্ষা (বিশেষ করে সক্রিয় ঝুঁকি নিরূপন, ঝুঁকিহ্রাস ও সাড়া প্রদানে প্রস্তুতি সংক্রান্ত কর্মকাণ্ড, এবং এডভোকেসি) (Petal 2009b)। কর্মসূচী মডেলের খুব কাছাকাছি থেকে (যাকে 'বিশ্বস্ততা'ও বলা হয়ে থাকে) কতোটা ভালোভাবে উপরোক্ত বিষয়গুলো বাস্তবায়ন করা হলো, তার পরিমাপও এর মধ্যে অন্তর্ভুক্ত। এছাড়াও শিক্ষকদের সামর্থ্য, সম্পদের সহজলভ্যতা, এবং সময়ের সীমাবদ্ধতাও কতোটা ভালোভাবে কর্মসূচী বাস্তবায়িত হলো সে বিষয়টিকে প্রভাবিত করতে পারে।

Johnson et al. (2014) নিউজিল্যান্ডের একটি জাতীয় কার্যক্রমে দুর্যোগ ঝুঁকি হ্রাস সংক্রান্ত শিক্ষা উপকরনের ব্যবহারের উপর একটি গবেষণা করে। তাঁদের গবেষণার মাধ্যমে, শিক্ষকদের মতে শিশুরা কোন কোন কর্মকাণ্ডে বেশী আগ্রহী এবং কোন কোন ক্ষেত্রে তাদের অভিভাবকদের অন্তর্ভুক্তি প্রয়োজন, সে বিষয়ে জানা গিয়েছে। এ কর্মসূচীর কার্যকারিতা নিম্নের বিষয়গুলোর মাধ্যমে পরিমাপ করা হয়েছেঃ

- শিশুরা কর্মসূচী থেকে যে শিক্ষা গ্রহণ করে;
- শিশুরা তাদের অভিভাবকদের সাথে যে যে বিষয় শেয়ার করে তার শুদ্ধতা ও গভীরতা;
- শিশুদের কাছ থেকে শেখার ক্ষেত্রে অভিভাবকদের মনযোগের পরিমান;
- অভিভাবকরা এই শিক্ষা পারিবারিক পর্যায়ে ঝুঁকিহ্রাসে আদৌ ব্যবহার করে কিনা, এবং করলে কিভাবে করে।

## ব্যবহারিক প্রয়োগ

**পারিবারিক পর্যায়ে ঝুঁকিহ্রাসের উদ্যোগ সামাজিক ঝুঁকি মোকাবেলা কার্যক্রমের একটি মজবুত ভিত্তি স্থাপন করে।** বৃহত্তর গবেষণায় দেখা গেছে যে, শিশু এবং প্রাপ্তবয়স্ক, উভয়ের ক্ষেত্রে তখনই তথ্য বিনিময় ও কোন কাজ বাস্তবায়নের বেশি সম্ভাবনা তৈরি হয়, যখন তাদের মধ্যে এই আত্মবিশ্বাস তৈরি হয় যে তাদের কার্যক্রম ইতিবাচক প্রভাব ফেলতে সক্ষম, এবং তারা নিজেরা এসমস্ত কাজ বাস্তবায়নের সামর্থ্য রাখে। তারা নিজেদের পরিবারে পরিবর্তনের ধারক হিসাবে সবচেয়ে বেশী আত্মবিশ্বাস দেখায়। এই ক্ষমতায়নের পরবর্তীকালে, তাদেরকে ঘরের বাইরে তাদের সঙ্গীদের কাছে বার্তা পৌঁছানো, এবং স্কুলের, সমাজে এবং কর্মক্ষেত্রের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহনের জন্য উৎসাহিত করা যায়।

**কর্মসূচীর প্রভাব যাচাই প্রক্রিয়ায় শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস কার্যক্রমের *আগে* ও *পরে* সমীক্ষার প্রয়োজন হয়।** সঠিকভাবে পরিবর্তন পর্যবেক্ষণ করতে ঝুঁকিহ্রাস প্রকল্পসমূহকে কর্মসূচী শুরুর আগে শিশু ও বড়দের জ্ঞান ও ধারণা, এবং পারিবারিক নিরাপত্তার পরিস্থিতি সংক্রান্ত বেইজলাইন তথ্য সংগ্রহ করতে হবে। পরিবর্তন চিহ্নিত করার উদ্দেশ্যে সেই একই তথ্য কর্মসূচী শেষ হওয়ার পর আবারও সংগ্রহ করতে হয়। এই গবেষণায় শিশুদের অন্তর্ভুক্তিকরণ পারিবারিক নিরাপত্তা ও ঝুঁকিহ্রাসে তাদের ক্ষমতায়ন নিশ্চিত করতে পারে।

**প্রমাণভিত্তিক, সর্বসম্মতিপ্রাপ্ত ও কর্মভিত্তিক বার্তা পারিবারিক পর্যায়ে নিরাপদ আচরণ বৃদ্ধিতে সহায়তা করেঃ** আইএফআরসি এবং সেভ দ্যা চিলড্রেন প্রণীত *Public Awareness and Public Education for Disaster Risk Reduction: Action-Oriented Key Messages for Households and Schools* (2018) – নির্দেশিকাটি জাতীয় পর্যায়ে এধরনের তথ্যের প্রণয়ন ও ব্যবহার সম্পর্কিত একটি প্রাথমিক পদক্ষেপ হতে পারে। অর্থাৎ, স্কুলে, শিশুদের, এবং অভিভাবকদের একই তথ্য দিতে হবে এবং আরও শক্তিশালী প্রভাবের জন্য উক্ত প্রতিষ্ঠানসমূহের লোগো ব্যবহার করা যেতে পারে।

> **যে কার্যক্রম শিশুদেরকে পরিবারের সাথে তথ্য বিনিময়ে উৎসাহিত করে, সে কার্যক্রমে পারিবারিক প্রস্তুতির ক্ষেত্রে ভালো ফলাফল পাবার সম্ভাবনা বেশি থাকে।**

**পরিবারের সদস্যদের মধ্যে আলোচনাকে উৎসাহিত করতে হবে। সফল উদাহরনগুলো নিয়মিতভাবে চর্চা করতে হবে।** যে কার্যক্রম শিশুদেরকে পরিবারের সাথে তথ্য বিনিময়ে উৎসাহিত করে, সে কার্যক্রমে পারিবারিক প্রস্তুতির ক্ষেত্রে ভালো ফলাফল পাবার সম্ভাবনা বেশি থাকে।

উক্ত কর্মসূচীসমূহের ক্ষেত্রে বিবেচ্য বিষয়াবলীঃ

- শিশুদেরকে তাদের বাড়িতে নিয়ে যাবার জন্য উন্নতমানের শিক্ষা উপকরণ প্রদান করতে হবে;
- শিশু ও যুবদের তাদের প্রাপ্ত জ্ঞান ও তথ্য তাদের পরিবার ও বন্ধুদের সাথে শেয়ার করার জন্য উৎসাহ প্রদান করতে হবে;
- অভিজ্ঞতাভিত্তিক ও যোগাযোগভিত্তিক শিক্ষা অন্তর্ভুক্ত করতে হবে
- পরিবারগুলোর পরামর্শ গ্রহণ করতে হবে (যেমন, একটি পারিবারিক নিরাপত্তা ও মোকাবেলা পরিকল্পনা পূরণ করা)

মনে রাখা প্রয়োজন যে, পরিস্থিতি ও প্রেক্ষাপটের উপর শিশুদের সক্ষমতা ও প্রভাবিত করার মাত্রা নির্ভর করে।

**কর্মসূচীর কার্যকারিতা বৃদ্ধিতে অনুশীলনভিত্তিক গবেষণা অত্যন্ত গুরুত্বপূর্ণ।** পারিবারিক ঝুঁকিহ্রাস ও শিশুদের সম্ভাব্য প্রভাব পরিমাপ ও এ সংক্রান্ত ধারণা নেয়ার জন্য পরিমাণগত তথ্য (যেমন, প্রশ্নাবলী) এবং গুনগত পদ্ধতি (যেমন, সাক্ষাৎকার ও দলীয় আলোচনা) উভয়ই প্রয়োজন। বাস্তবায়নকারী কর্মী ও সুবিধাভোগী উভয়ই গবেষণার পরিকল্পনা ও বাস্তবায়নে অন্তর্ভুক্ত হতে পারে। কর্মীদেরকে কর্মসূচীর ডিজাইনের ওপরে পরীক্ষা নিরীক্ষা করে বিভিন্ন কর্মকাণ্ডের কার্যকারিতা যাচাই করার জন্য উৎসাহিত করা যেতে পারে।

**পূর্ববর্তী গবেষণা নিম্নের প্রশ্নগুলো উত্থাপন করেঃ**

- দৈনন্দিন আপদ ও ঝুঁকি নিয়ে কার্যক্রম বাস্তবায়ন করার মাধ্যমে ঝুঁকি নিরূপন, ঝুঁকিহ্রাস ও সাড়া প্রদানমূলক প্রস্তুতির ওপর ধারণা সৃষ্টি এবং কদাচিৎ ঘটা উচ্চ প্রভাবযুক্ত আপদ, যেমন, ভূমিকম্প ও আগ্নেয়গিরি, ইত্যাদির জন্য প্রস্তুতির বিষয়ে আগ্রহ তৈরি করা সম্ভব?
- শিশুদের ক্ষমতায়ন ও পরিবারে পরিবর্তন আনায় কি কি ধরনের কর্মকাণ্ড, শিশু ও তাদের পরিবারের মধ্যে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যোগাযোগ, এবং সামাজিক ও আচরণগত পরিবর্তনের শিক্ষা উপকরণ অধিক কার্যকরী?
- শিশুদের সামাজিক ও অর্থনৈতিক ভূমিকা ও দায়িত্ব, তাদের লিঙ্গ-বৈষম্য বা ভৌগলিক অবস্থান (যেমন, অনুবাদ ও ব্যাখ্যা, দৈনন্দিন কাজকর্ম, দেখাশোনার কাজ, গৃহস্থালি ও বাইরের শ্রমমূলক কাজ) কি তাদের পরিবর্তনের ক্ষমতার উপর প্রভাব ফেলতে পারে (Lopez et al. 2012; Mitchell et al. 2009)?

**পারিবারিক নিরাপত্তায় শিশুদের প্রভাব সম্পর্কে সঠিক ধারণা লাভের জন্য সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহের ওপর গবেষণা করা আবশ্যক।** শিশুরা যেভাবে পারিবারিক নিরাপত্তার উপর প্রভাব ফেলে, তার উপর গণস্বাস্থ্য বিষয়ক প্রচারণা, গেইম ও অ্যাপস, সামাজিক মাধ্যমের ব্যবহার এবং স্বেচ্ছাসেবা ইত্যাদি কোন না কোনভাবে প্রভাব বিস্তার করতে পারে, এবং এ বিষয়ে আরও গবেষণার প্রয়োজন রয়েছে।

# ফলোআপ প্রশ্নাবলী

১। গবেষণায় দেখা যায়, শিশুরা ঝুঁকিহ্রাস প্রক্রিয়ায় কার্যকরী ভূমিকা রাখতে পারে ও প্রভাব বিস্তার করতে পারে, এবং তাদের অংশগ্রহণ ব্যক্তিগতভাবে ও সামাজিকভাবে তাদের ক্ষমতায়িত করতে পারে। এই তথ্য সঠিক নাকি ভুল?

২। নিম্নের কোন কোন বিষয়গুলো পারিবারিক ঝুঁকি হ্রাসে শিশুদের সর্বোচ্চ প্রভাব নিশ্চিত করতে সহায়ক হতে পারেঃ

(ক) যদি শ্রেণী শিক্ষক ছাত্রছাত্রীদের তাদের পরিবারের সাথে শেয়ার করার বিষয়টি হোমওয়ার্ক হিসেবে দিয়ে দেন;

(খ) যদি শিশু ও যুবদের জন্য ঝুঁকি ও ঝুঁকিহ্রাসকে প্রভাবিত করার ভূমিকা ও দায়িত্ব ইতিমধ্যে বিদ্যমান থেকে থাকে;

(গ) যদি শিশুরা কোন একটি ঝুঁকিহ্রাস কর্মকাণ্ড থেকে ইতিবাচক প্রভাব আসবে বলে বিশ্বাস করে এবং তাদের পরিবারের আচরণ পরিবর্তনে নিজেদের সক্ষম মনে করে;

(ঘ) উপরের সব কয়টি।

৩। আপনার এলাকায় পারিবারিক পর্যায়ে ঝুঁকিহ্রাস ও মোকাবেলা কার্যক্রমের ওপর কার্যক্রমের প্রভাব জানতে আপনি পারিবারিক পর্যায়ে পরিকল্পনা, ঝুঁকি হ্রাস ও সাড়া প্রদানমূলক প্রস্তুতির কোন কোন বিষয়ে খোঁজ নেবেন? কিভাবে এগুলো পরিমাপ করবেন?

৪। শিশুর বয়স একটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় যা আংশিকভাবে তাদের পারিবারিক ঝুঁকিহ্রাসকে প্রভাবিত করার ক্ষমতা নির্ধারণ করে। শিশুরা যাতে তাদের জ্ঞান ও ধারণাসমূহ প্রয়োগ করতে পারে তা আরও ভালভাবে বোঝার জন্য শিশুর প্রেক্ষাপট বা অবস্থার অন্য কোন কোন বিষয় আমাদের গবেষণা করা উচিত?

৫। আমরা এখনও সঠিকভাবে জানি না কোন কোন নির্দিষ্ট শিক্ষা পদ্ধতি, উপকরণ ও কার্যক্রম পারিবারিক ঝুঁকিহ্রাসের উপর প্রভাব ফেলতে সর্বোচ্চ কার্যকরী। আপনার শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস কর্মসূচী উক্ত প্রভাব উন্নয়নে কোন কোন প্রশ্নের উত্তর খুঁজতে পারে?

# গ্রন্থপঞ্জি

এই গবেষণায় উল্লেখিত সকল রেফারেন্সসহ অন্যান্য আরও অনেক রেফারেন্স শিশুকেন্দ্রিক ঝুঁকিহ্রাস (সি সি আর আর) এবং সার্বিক স্কুল নিরাপত্তা (সি এস এস) গ্রন্থপঞ্জীতে নিম্নের লিংক-এ পাওয়া যাবেঃ

https://www.zotero.org/groups/1857446/ccrr__css

এই বিষয়ের সকল রেফারেন্সের জন্য “Household Impacts” লিখে সার্চ করুন।

Global Alliance for
Disaster Risk Reduction & Resilience
in the Education Sector

# পাঠ্যসমূহ

Amri, A., Haynes, K., Bird, D.K. & Ronan, K. (2017), 'Bridging the Divide Between Studies on Disaster Risk Reduction Education and Child-Centred Disaster Risk Reduction: A Critical Review', *Children's Geographies*, vol. 16, no. 3, pp. 239-251, DOI: 10.1080/14733285.2017.1358448

Amri, A., et al. (2016), 'Disaster Risk Reduction Education in Indonesia: Challenges and Recommendations for Scaling Up', *Natural Hazards and Earth System Sciences,* vol. 17, no. 4, pp. 595-612, online <http://www.nat-hazards-earth-syst-sci.net/17/595/2017/nhess-17-595-2017.pdf>.

Crocetti, E., Tofa, M., Petal, M. (2018), Child-Centred Risk Reduction Impacts on Household Safety: Evaluation Toolkit Development and Testing – Research Report, Save the Children.

IFRC and Save the Children (2018), Public Awareness and Public Education: Key Messages 2nd Edition.

Johnson, V et al. (2014), 'Evaluations of disaster education programs for children: a methodological review', *International Journal of Disaster Risk Reduction*, vol. 9, pp. 107–123, DOI: 10.1016/j.ijdrr.2014.04.001

Johnson, V et al. (2015), 'Improving the Impact and Implementation of Disaster Education: Programs for Children Through Theory-Based Evaluation', *Risk Analysis.* Vol. 36, no. 11, pp. 2120 – 2135, DOI: 10.1111/risa.12545

Mitchell, T et al. (2008), 'The Role of Children and Youth in Communicating Disaster Risk', *Children, Youth and Environments,* vol. 18, no. 2, pp. 254-279.

Petal, M, (2015), 'Critical Reflections on Disaster Prevention Education', in H, Egner, M, Schorch & M, Voss (eds.), *Learning and Calamities: Practices, Interpretations, Patterns,* Chapter 10, Routledge.

Ronan, K et al. (2015), 'Disaster Preparedness for Children and Families: a Critical Review', *Current Psychiatry Reports*, vol. 17, no. 7, DOI: 10.1007/s11920-015-0589-6

Ronan, K et al. (2016), 'Child-Centred Disaster Risk Reduction: Can Disaster Resilience Programs Reduce Risk and Increase Resilience of Children and Households?' , *Australian Journal of Emergency Management*, vol. 31, no. 3, pp. 49-58.

Suggested citation: Petal, M. & Crocetti, E., (2018) *Child-Centred Research-into-Action Brief: Children's Impacts on Household Safety*, GADRRRES

© 2018 Global Alliance for Disaster Risk Reduction and Resilience in the Education Sector
*The complete series of case studies can be found at: http://www.gadrrres.net/resources*